# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার হাজিরা সীট

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।　　সময় : ০২-০০ টা,　　তারিখ : ২৯-০১-২০২৫ খ্রিঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | এন, এম ইশফাকুল কবীর | প্রশাসক (অ.দা.) | সভাপতি | |
| ২ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ১ নং ভোমরাদহ ইউ.পি. | সদস্য | |
| ৩ | বিবেকানন্দ রায় | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. | সদস্য | |
| ৪ | সনাতন চন্দ্র রায় | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. | সদস্য | |
| ৫ | লায়লা আরজুমান বেগম | উপজেলা কৃষি অফিসার | সদস্য সচিব | |

CamScanner

# উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : : এন,এম ইশফাকুল কবীর
প্রশাসক(অ.দা.), উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

সভার তারিখ : ২৯/০১/২০২৫ খ্রিঃ।

সময় : ০২.০০ টায়।

স্থান : **উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

**আলোচ্যসুচি :**

১. ২০২৪-২০২৫ অর্থ বছরে রবি মৌসুমে ফসল আবাদ ও উৎপাদন কর্মপরিকল্পনা পর্যালোচনা।

২. বোরো ধানের উৎপাদন বৃদ্ধিতে নিরবিচ্ছিন্ন ও সুষ্ঠ সেচ ব্যবস্থাপনা নিশ্চিতকরণ বিষয়ক আলোচনা।

৩. ২০২৪-২০২৫ অর্থ বছরে কৃষি প্রনোদণা বিতরণ বিষয়ক আলোচনা।

৪. বিবিধ।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কমিটির সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি ও উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জকে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য আহবান জানান। অতঃপর সদস্য সচিব বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জ অত্র সভায় জানান যে, চলতি মৌসুমে রোপা আমন ধান কর্তন চলমান রয়েছে। আসন্ন রবি মৌসুমে নিরাপদ খাদ্য ও পুষ্টির নিরাপত্তা নিশ্চিতকল্পে ধান,গম,ভুট্টা সহ সকল ফসলের আধুনিক ও উন্নত হাউব্রিড জাতসমূহ কৃষক পর্যায়ে সম্প্রসারণ প্রয়োজন। অনাবাদী পতিত জমি ও বসতবারির আঙ্গীনায় (১ম সংশোধনি) পারিবারিক পুষ্টি বাগান প্রকল্পের আওতায় ২০৭ জন কৃষকের মাঝে সবজির বীজ ও ফলের চারা প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে। উচ্চ মূল্যের ফসল উৎপাদনে আগাম শীতকালীন সবজি আবাদ অব্যহত আছে। | খাদ্য ও পুষ্টির নিরাপত্তা নিশ্চিত করতে আসন্ন রবি মৌসুমে ধান,গম,ভুট্টা সহ সকল ফসলের উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, উপসহকারী কৃষি অফিসার ও কৃষি সংশ্লিষ্ট স্টেক হোল্ডার। |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জ অত্র সভায় আরও জানান যে, বোরো ধানের লক্ষ্য মাত্রা অর্জনে, সেচের ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে গভীর ও অগভীর নলকূপ এলএলপি সহ অন্যান্য সেচ যন্ত্র কৃষক পর্যায়ে চালু রাখা প্রয়োজন। | বোরো ধানের লক্ষ্য মাত্রা অর্জনে কৃষক পর্যায়ে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কতৃপক্ষের গভীর নলকূপসহ সকল ধরণের সেচ যন্ত্র চালু রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ও উপসহকারী কৃষি অফিসার পীরগঞ্জ, ঠাকুরগাঁও। সহকারী প্রকৌশলী, বিএমডিএ পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০৩ | ২০২৪-২০২৫ অর্থ বছরে কৃষি প্রনোদণা বিতরণ উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করতে হবে। | আগ্রহী কৃষক / কৃষক গ্রুপ/ কৃষকদের প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারীত সময়ে যোগাযোগ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার ও উপসহকারী কৃষি অফিসার পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

CamScanner

(এন,এম ইশফাকুল কবীর)
প্রশাসক(অ.দা.),
উপজেলা পরিষদ,পীরগঞ্জ,ঠাকুরগাঁও
ও
সভাপতি
উপজেলা কৃষি সেচ বিষয়ক কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

স্মারকনং ১২.১৮.৯৪৮২.০৩৯.০৪৮.২৫.২৫- ৯০ তারিখ ঃ ২৯/০১/২০২৫খ্রিঃ ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ (উপজেলা কৃষি সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী)

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। উপজেলা নির্বাহী অফিসার,পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। চেয়ারম্যান ১ নং ভোমরাদহ ইউনিয়ন পীরগঞ্জ ঠাকুরগাঁও।

৪। চেয়ারম্যান ৫ নং সৈয়দপুর ইউনিয়ন পীরগঞ্জ ঠাকুরগাঁও।

৫। চেয়ারম্যান ৮ নং দৌলতপুর ইউনিয়ন পীরগঞ্জ ঠাকুরগাঁও।

৬। অফিস নথি।

(লায়লা আরজুমান বেগম)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

CamScanner